

আজকালের খবর

THE DAILY AJKALER KHABAR

সিমাগো ইন্সটিটিউট র‍্যাংকিং ২০২১

[দেশ সেরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়](#)

মাজহারুল ইসলাম, গাজীপুর

Published : Tuesday, 20 April, 2021 at 9:56 PM



আন্তর্জাতিক মানদণ্ডে বাংলাদেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থান- এই তিন সূচকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) দেশ সেরা (প্রথম স্থান)। বিশ্বের বিভিন্ন দেশের ৪১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-স্কোপাস জরীপে এ তথ্য উঠে এসেছে। সোমবার বিশ্বখ্যাত সিমাগো ইন্সটিটিউট র‍্যাংকিং ২০২১ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগ জানায়, ওই জরীপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বশেমুরকৃবি বিশ্বের ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬তম এবং বাংলাদেশে প্রথম স্থান লাভ করেছে। অন্যদিকে জীব রসায়ন, জেনেটিক্স ও মলিকুলার বায়োলজি শাখায় বশেমুরকৃবি বিশ্বের ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭তম এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে।

উল্লেখ্য যে, একই ইনডেক্স জরীপে বশেমুরকৃবি গত ২০১৯ এবং ২০২০ সালে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে যথাক্রমে চতুর্থ ও দ্বিতীয় স্থান লাভ করেছিল।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, আন্তর্জাতিক মানের গবেষণা এবং এ স্বীকৃতি অর্জনের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমে নিরলস প্রচেষ্টার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া সকল শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানান। তিনি আশা প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের এ সাফল্য উত্তরোত্তর আরো বৃদ্ধি পাবে।

সম্পাদকমণ্ডলীর সভাপতি : গোলাম মোস্তফা || ভারপ্রাপ্ত সম্পাদক : ফারুক আহমেদ তালুকদার

সম্পাদকীয়, বার্তা ও বাণিজ্যিক কার্যালয় : হাউস নং ৩৯ (৫ম তলা), রোড নং ১৭/এ, ব্লক: ই, বনানী, ঢাকা-১২১৩।

ফোন : ০২-৫৫০১৩২১৪ ফ্যাক্স : ০২-৫৫০১৩২১৫, বিজ্ঞাপন : ০১৭৮৭৬৮৪৪২৪, সার্কুলেশন : ০১৭৮৯১১৮৮১২,

ই-মেইল : newsajkalerkhabor@gmail.com, addajkalerkhabor@gmail.com